## একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
প্রশাসন-১(সংস্থাপন) শাখা
www.motj.gov.bd
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-২৪.০০.০০০০.১১১.১১.০০৫.১৫-৭২৯ তারিখঃ-১২/০৭/২০১৬।

# নিয়োগ বিজ্ঞপ্তি

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত পদসমূহ অস্থায়ী ভিত্তিতে পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ছকে online এ দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| নং | পদের নাম ও | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল/২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | জেলা কোটা পূরণ থাকায় যে সকল জেলার প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|---|
| ১। | সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | ১১০০০-২৬৫৯০/- (১৩ নং গ্রেড) এবং তৎসহ অন্যান্য ভাতাদি | ০৭ (সাত)টি | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত;<br>(গ) সাঁটলিপিতে প্রতিমিনিটে গতি যথাক্রমে বাংলায় ৪৫ শব্দ ও ইংরেজী ৭০ শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষরিকে প্রতি মিনিটে গতি যথাক্রমে বাংলায় ২৫ শব্দ ও ইংরেজীতে ৩০ শব্দ এবং<br>(ঘ) কম্পিউটারে word processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে। | (ক) ঢাকা বিভাগের গোপালগঞ্জ, জামালপুর, শেরপুর, ময়মনসিংহ ও টাঙ্গাইল জেলা।<br>(খ) চট্টগ্রাম বিভাগের কুমিল্লা ও নোয়াখালী জেলা।<br>(গ) রংপুর বিভাগের দিনাজপুর, লালমনিরহাট ও কুড়িগ্রাম জেলা।<br>(ঘ) রাজশাহী বিভাগের পাবনা জেলা।<br>(ঙ) বরিশাল বিভাগের বরিশাল জেলা। |
| ২। | কম্পিউটার অপারেটর | ১১০০০-২৬৫৯০/- (১৩ নং গ্রেড) এবং তৎসহ অন্যান্য ভাতাদি | ০৩ (তিন)টি | (ক) স্নাতক ডিগ্রী (বিজ্ঞান বিভাগ অগ্রাধিকার), ২ বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন বিভাগীয় ডাটা এন্ট্রি/ কন্ট্রোল অপারেটর এর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।<br>(খ) কম্পিউটার অপারেটর Aptitude test এ উত্তীর্ণ হতে হবে। | |
| ৩। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৯৩০০-২২৪৯০/- (১৬ নং গ্রেড) ও তৎসহ অন্যান্য ভাতাদি | ০২ (দুই)টি | (ক) স্বীকৃত বোর্ড থেকে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরিকে প্রতি মিনিটে গতি যথাযথক্রমে বাংলায় ২০ শব্দ ও ইংরেজীতে ২০ শব্দ;<br>(ঘ) কম্পিউটারে word processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে। | |

(অপর পাতা দ্রষ্টব্য)

| নং | পদের নাম ও | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল/২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | জেলা কোটা পূরণ থাকায় যে সকল জেলার প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই। |
|---|---|---|---|---|---|
| ৪। | অফিস সহায়ক | ৮২৫০-২০০৭০/- (২০ নং গ্রেড) ও তৎসহ অন্যান্য ভাতাদি | ০৮ (আট)টি | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস,এস,সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ | (ক) ঢাকা বিভাগের মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, শরীয়তপুর, জামালপুর ও টাঙ্গাইল জেলা।<br>(খ) চট্টগ্রাম বিভাগের ব্রাক্ষ্মনবাড়ীয়া ও ফেনী জেলা।<br>(গ) রংপুর বিভাগের রংপুর, গাইবান্ধা ও পঞ্চগড় জেলা।<br>(ঘ) রাজশাহী বিভাগের পাবনা ও সিরাজগঞ্জ জেলা।<br>(ঙ) খুলনা বিভাগের সকল জেলা।<br>(চ) বরিশাল বিভাগের বরিশাল ও পটুয়াখালী জেলা। |

শর্তাবলীঃ-

১। ৩০শে জুন,২০১৬ তারিখে আবেদনকারীর বয়স ১৮-৩০ বৎসর। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর, তবে মুক্তিযোদ্ধার নাতী/নাতনীদের জন্য ৩০ বছর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৩৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এভিডেফিট গ্রহণযোগ্য হবে না।

২। আবেদনকারীকে নির্ধারিত ছকে অনলাইনে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের নিয়মাবলী ও নিয়োগ সংক্রান্ত অন্যান্য শর্তাবলী বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.motj.gov.bd) পাওয়া যাবে।

৩। **১-৩ ক্রমিকে বর্ণিত পদের জন্য ১০০/- টাকা ও ৪ নং ক্রমিক বর্ণিত পদের জন্য ৫০/- টাকা ফি প্রযোজ্য হবে।**

৪। আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলীঃ

(ক) পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক http://motj.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১ আগষ্ট ,২০১৬ খ্রি: সকাল ১০:০০ টা।

ii. Online-এ আবেদনপত্র ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ ও সময়: ১৪ আগষ্ট ,২০১৬ তারিখ সন্ধ্যা ৬:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) pixel ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। পুনঃপূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

(অপর পাতা দ্রষ্টব্য)

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ নির্দিষ্ট পরিমাণ টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। **বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"**।

প্রথম SMS: MOTJ<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বর।
দ্বিতীয় SMS: MOTJ <space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বর।

(চ) **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি** http://motj.teletalk.com.bd অথবা MOTJ Website: www.motj.gov.bd এর **ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যম** (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। **Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।**

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে MOTJ <space>Help<space>User<space>User ID & Send to 16222.
   Example: MOTJ Help User ABCDEF & send to 16222
ii. PIN Number জানা থাকলে: MOTJ <space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
   Example: MOTJ Help PIN 12345678 & send to 16222.

৫। মৌখিক পরীক্ষার সময় সদ্য তোলা ৩ কপি পাসপোর্ট আকারের রঙ্গিন ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদের মুলকপি, ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর এর নিকট থেকে নাগরিকত্ব সার্টিফিকেট, ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নিকট থেকে চারিত্রিক সার্টিফিকেট, অভিজ্ঞতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে), জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ এবং প্রযোজ্য ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ প্রদর্শন করতে হবে।

৬। নিয়োগের ব্যাপারে প্রচলিত নীতি অনুসারে জেলা কোটা, শারীরিক প্রতিবন্ধী কোটা, উপজাতি কোটা, আনসার কোটা, মুক্তিযোদ্ধাদের পোষ্য কোটা এবং অন্যান্য কোটা সংরক্ষণ করা হবে।

৭। তবে শারিরীক প্রতিবন্ধী ও এতিমখানা নিবাসীর সকল জেলা প্রার্থীগণ আবেদন করতে পারবেন। সেক্ষেত্রে তাদেরকে আবেদনপত্রের সাথে শারিরীক প্রতিবন্ধী/এতিমখানা নিবাসী সনদপত্র সংযুক্ত করতে হবে। মুক্তিযোদ্ধা সন্তান/নাতী/নাতনীদের ক্ষেত্রে তাদের পিতা-মাতা/দাদা-দাদী/নানা-নানীর মুক্তিযুদ্ধে অংশগ্রহণের প্রমাণপত্র উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত করে দাখিল করতে হবে।

(অপর পাতা দ্রষ্টব্য)

৮। এতিম প্রার্থীদের এতিমখানা কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত প্রমাণপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৯। সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরতদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করতে হবে।

১০। বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে কর্মরত প্রার্থীগণ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করতে পারবেন।

১১। বৈধ দরখাস্তকারীদের লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার স্থান, তারিখ ও সময় যথাসময়ে জানিয়ে দেয়া হবে।

১২। নিয়োগ বিজ্ঞপ্তিটি বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ওয়েবসাইটেও (www.motj.gov.bd) পাওয়া যাবে।

১৩। পরীক্ষা/সাক্ষাৎকারে হাজির হওয়ার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪। প্রচলিত অন্যান্য সকল সরকারী নির্দেশ/বিধি-বিধানসমূহ নিয়োগের ব্যাপারে প্রযোজ্য হবে।

১৫। পদের সংখ্যা প্রয়োজনে হ্রাস/বৃদ্ধি এবং নিয়োগ কার্যক্রম সংক্রান্ত যেকোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২৭/০৭/১৬

নাসরিন জাহান
উপসচিব (প্রশাসন-১)
ও
সদস্য সচিব
নিয়োগ কমিটি
ফোন-৯৫৪০৪৭৭।